রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সালাত আদায় করেছি। তিনি তার ডান হাতকে বাম হাতের উপর রাখলেন তার বুকের উপর।

ওয়ায়েল ইবন হুজর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সালাত আদায় করেছি। তিনি তার ডান হাতকে বাম হাতের উপর রাখলেন তার বুকের উপর। [সহীহ] [ইবন খুযাইমাহ এটি বর্ণনা করেছেন।]

তিনি তার ডান হাতকে বাম হাতের উপর রাখলেন। যখন হাত বলা হয় তখন তার দ্বারা উদ্দেশ্য হলো হাতের কব্জি। আর এখানে তাই উদ্দেশ্য। একে সমর্থন করে আবূ দাউদ ও নাসাঈ যে হাদীস বর্ণনা করেছেন তার শব্দ। তাতে বলা হয়, “তারপর তার ডান হাতকে তার বাম কব্জির পিঠের উপর এবং পান্জা ও বাহুর উপর রাখলেন। পান্জা হলো কব্জি ও বাহুর মাঝখানের জোড়া। তার বুকের উপর, অর্থাৎ, ডান হাতকে তার বাম হাতের উপর রেখেছেন এবং সালাতে কিয়াম অবস্থায় দুই হাতকে তার বুকের উপর রেখেছেন।

https://sunnah.global/hadeeth/bn/show/10909